



Embassy of the People's Republic  
of Bangladesh  
Athens

প্রেস বিজ্ঞপ্তি:

ঠিস প্রবাসী বাংলাদেশি তরুণ-তরুণীদের অংশগ্রহণে অনুষ্ঠিত হলো ইয়ুথ কনফারেন্স-২০২৩

“কৃত্রিম বুদ্ধিমত্তার যুগে গ্রাসে বাংলাদেশি নতুন প্রজন্ম” – এই প্রতিপাদ্যকে সামনে রেখে গ্রাসে নিযুক্ত বাংলাদেশের মানববর রাষ্ট্রদূত আসুদ আহমদের পৃষ্ঠপোষকতায় প্রবাসে বড় হওয়া দ্বিতীয় প্রজন্মের বাংলাদেশি তরুণ-তরুণীদের অংশগ্রহণে গত ২৫ অগস্ট ২০২৩ খ্রি. অনুষ্ঠিত হয়েছে তারণ্যের সম্মেলন, ইয়ুথ কনফারেন্স-২০২৩। নতুন প্রজন্মের ভাষাগত দক্ষতা, কৃত্রিম বুদ্ধিমত্তার যুগে প্রযুক্তিগত দক্ষতা এবং বহুমুখী দৃষ্টিভঙ্গী একদিকে যেমন প্রবাসী বাংলাদেশিদের সম্পদ হতে পারে, অন্যদিকে বিদেশের মাটিতে বাংলাদেশের ইতিবাচক ভাবমূর্তি সংরক্ষণ ও সম্প্রসারণে জোরালো ভূমিকা পালন করতে পারে। তাই, এই উদ্দেশ্যকে সামনে রেখে দ্বিতীয় প্রজন্মের প্রবাসী বাংলাদেশি তরুণ-তরুণীদের এবং তাদের অভিভাবকদের নিয়ে এথেন্স্থ বাংলাদেশ দৃতাবাস প্রাঙ্গণে উচ্চিত অনুষ্ঠানের আয়োজন করা হয় যেখানে আমেরিকা, কানাডা-সহ গ্রাস ও পার্শ্ববর্তী ইউরোপীয় দেশের কলেজ ও বিশ্ববিদ্যালয়গামী উল্লেখযোগ্য সংখ্যক প্রবাসী বাংলাদেশি তরুণ-তরুণী এবং তাদের অভিভাবকগণ অংশ গ্রহণ করেন।

বাংলাদেশের রাষ্ট্রদূত আসুদ আহমদের সভাপতিত্বে অনুষ্ঠিত সম্মেলনের শুরুতে পবিত্র কোরআন থেকে তিলাওয়াত এবং পবিত্র গীতা থেকে পাঠ করা হয়। এরপর, দুটি তথ্যমূলক ভিডিও চির প্রদর্শন করা হয় যার একটিতে আর্টিফিশিয়াল ইন্টেলিজেন্স বিষয়ে নতুন প্রজন্মের ভাবনা কিভাবে নিয়েছে বিষয়টিকে এবং অন্যটিতে ওয়াল্ট ইকোনমিক ফোরামের বিভিন্ন সাক্ষাত্কার থেকে গৃহীত মতামতের ভিত্তিতে আগামীর পৃথিবীতে কেমন হবে আর্টিফিশিয়াল ইন্টেলিজেন্স- সে বিষয়টিকে তুলে ধরা হয়।

মানববর রাষ্ট্রদূত এই আয়োজনে অংশগ্রহণের জন্য উপস্থিত দ্বিতীয় প্রজন্মের প্রবাসী তরুণ-তরুণী এবং তাদের অভিভাবকদের ধন্যবাদ জ্ঞাপন করেন। তিনি তার বক্তব্যে বলেন, প্রবাসী বাংলাদেশি দ্বিতীয় প্রজন্মের প্রতিনিধিরা গ্রাসে বাংলাদেশের সমৃদ্ধ ইতিহাস, ঐতিহ্য ও সংস্কৃতির ধারক ও বাহক। বিদেশের মাটিতে দেশের ইতিবাচক ভাবমূর্তি ছড়িয়ে দিতে তারা অনুষ্টুকের ভূমিকা পালন করতে পারে। দ্বিতীয় প্রজন্মের তরুণ-তরুণীদের বাংলাদেশের একেকজন প্রতিনিধি বলে উল্লেখ করে রাষ্ট্রদূত বলেন, বর্তমান তথ্য প্রযুক্তির যুগে দক্ষ ও উদ্যমী তরুণরাই চালিকা শক্তি। কৃত্রিম বুদ্ধিমত্তার যুগে নানাবিধ চ্যালেঞ্জ মোকাবেলায় বাংলাদেশি তরুণ প্রজন্মকে তৈরি হবারও আহবান জানান তিনি। তিনি আরো বলেন, জাতির পিতা বঙবন্ধু শেখ মুজিবুর রহমানের সোনার বাংলা বিনির্মাণে বিদেশে অবস্থান করেও তরুণরাও সক্রিয় ভূমিকা রাখতে পারেন। কৃত্রিম বুদ্ধিমত্তা ভবিষ্যতে পৃথিবীতে যেমন নতুন যুগের সৃষ্টি করবে তেমনি আগামী প্রজন্মের জন্য বিরক্ত পরিস্থিতি ও প্রতিবন্ধকতাও তৈরি করবে। তাই, নতুন প্রজন্মকে সে সময়ের জন্য নিজেদেরকে উপযুক্ত করে গড়ে তোলার আহবান জানান। রাষ্ট্রদূত উপস্থিত অভিভাবকদের নামা সীমাবদ্ধতার মাঝে থেকেও তাদের ছেলে-মেয়েদের দায়িত্বশীল আন্তর্জাতিক নাগরিক হিসেবে গড়ে তোলার জন্য ধন্যবাদ জানান। তিনি মানবীয় প্রধানমন্ত্রী শেখ হাসিনার গভৰ্ণীল নেতৃত্বে স্মার্ট বাংলাদেশের এগিয়ে যাওয়ার চিরও উপস্থিত তরুণ-তরুণীদের কাছে তুলে ধরেন এবং তাদেরকে বুদ্ধিমত্তা জ্ঞান নির্ভর সমাজ বিনির্মাণে ভূমিকা রাখার মাধ্যমে “স্মার্ট বাংলাদেশ” গড়তে ভূমিকা রাখার আহবান জানান।

এরপর গ্রাসে দ্বিতীয় প্রজন্মের প্রবাসী বাংলাদেশিদের পক্ষ থেকে বিশ জন তরুণ-তরুণী বাংলা, ইংরেজি ও গ্রিক ভাষায় তাদের মতামত ব্যক্ত করেন। আলোচনায় তারা আর্টিফিশিয়াল ইন্টেলিজেন্স কি এবং দৈনন্দিন ব্যক্তি জীবনে, জাতীয় ও আন্তর্জাতিক জীবনে এর অবস্থান কোথায়, এর সঠিক ভূমিকা, কিভাবে একে মানব কল্যাণে কাজে লাগানো যাবে- সে সম্পর্কে নিজেদের অভিজ্ঞতা, চিন্তা ও ভাবনা তুলে ধরেন। এছাড়া, তারা গ্রাসের মাটিতে শিক্ষাজীবন, ভবিষ্যৎ পরিকল্পনা ও বাংলাদেশ সম্পর্কে তাদের দৃষ্টিভঙ্গ নিয়েও আলোকপাত করেন। তারা কৃত্রিম বুদ্ধিমত্তার অভিযন্ত সন্তানকে কাজে লাগানোর প্রত্যয়ের সাথে সাথে কৃত্রিম বুদ্ধিমত্তার সন্তান সংকটের আশংকা ব্যক্ত করে এর থেকে পরিআগের উপর গুরুত্বারূপ করেন। তারা এই প্রযুক্তি নির্ভর পৃথিবীতে উপযুক্ত জ্ঞান ও দক্ষতা অর্জনের মাধ্যমে গ্রিক ও বাংলাদেশিদের দ্বিপাক্ষিক সম্পর্ক উন্নয়নের পাশাপাশি বাংলাদেশের ভাবমূর্তি উজ্জ্বল ভূমিকা রাখার প্রতিশ্রুতি ব্যক্ত করেন।

অনুষ্ঠানটি সময় ও সঞ্চালনা করেন দৃতাবাসের মিনিস্টার মো. খালেদ। দৃতাবাসের প্রথম সচিব বিশ্বজিত কুমার পাল আলোচনায় অংশগ্রহণ করেন।

সম্মেলনে উপস্থিত অভিভাবকগণ বাংলাদেশি তরুণ-তরুণীদের প্রযুক্তি জ্ঞান, মেধা ও দেশপ্রেমের ভূয়সী প্রশংসা করেন। গ্রাসে বসবাসরত দ্বিতীয় প্রজন্মের বাংলাদেশি তরুণ-তরুণী ও অভিভাবকগণ এমন একটি অংশগ্রহণমূলক অনুষ্ঠান আয়োজনের জন্য দৃতাবাসকে ধন্যবাদ জানান।



এথেন্স, ২৮ অগস্ট ২০২৩

119, Marathonodromon Street, 154 52 Palaio Psychiko, Athens, Greece

Tel.: +30 210 6720 250, Fax: +30 210 6754 513  
[mission.athens@mofa.gov.bd](mailto:mission.athens@mofa.gov.bd), [www.bdembassy.gr](http://www.bdembassy.gr)